

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
ওয়েব সাইট : [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৮৯.১৫-২৭৪

তারিখঃ ২৫/০৩/২০১৮খ্রিঃ

বিষয়ঃ বগুড়া জেলার ধুনট উপজেলাধীন আব্দুল ওয়াদুদ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউটের দুইটি ট্রেড (১) বিল্ডিং মেইনটেন্যান্স ও (২) জেনারেল মেকানিক্স এর অনুমোদন পত্রে স্বাক্ষর জালিয়াতির বিষয়ে প্রতিবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার ধুনট উপজেলাধীন আব্দুল ওয়াদুদ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউটের দুইটি ট্রেড (১) বিল্ডিং মেইনটেন্যান্স ও (২) জেনারেল মেকানিক্স এর বাকাশিবো কর্তৃক ট্রেড অনুমোদনের পত্রে স্বাক্ষর জালিয়াতির বিষয়ে পত্র পাওয়া গেছে।

উক্ত পত্রের সারমর্ম অনুযায়ী প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট সাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরিচালক (কারিকুলাম) জনাব মোহাম্মদ আলীর স্বাক্ষর জাল পূর্বক ব্যাকডেটে (১) বিল্ডিং মেইনটেন্যান্স ও (২) জেনারেল মেকানিক্স ট্রেড দুটির অনুমোদন কপি জাল করে দীর্ঘ দিন গোপনে ছাত্র/ছাত্রী ভর্তি করে তথ্য গোপন রেখে উক্ত ট্রেড দুটিতে শিক্ষক নিয়োগ করেন।

বর্ণিত অভিযোগকারী এ বিষয়ে প্রমানক হিসেবে ২৩ ফেব্রুয়ারি/২০১৭খ্রিঃ তারিখের “দৈনিক খবরপত্র” পত্রিকার কাটিং এর সাথে সংযুক্ত করেন। পত্রিকায় দেখা যায়, প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কর্মচারীর সাথে যোগসাজসে মোটা অংকের অর্থ ব্যয় করে তৎকালীন পরিচালক(কারিকুলাম) জনাব মোহাম্মদ আলীর স্বাক্ষর জাল করে ট্রেড সংযোজনপত্র গ্রহণ করেন। ইতিমধ্যে উক্ত ট্রেড/বিষয়ে শিক্ষক নিয়োগ দিয়ে এম.পি.ও এর জন্য কাগজপত্রও কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। বিষয়টি প্রকাশ হয়ে পড়ায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

এমতাবস্থায়, উক্ত ০২টি ট্রেডের অনুমোদন এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে প্রমানকসহ ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এই অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

১। সুপারিনটেনডেন্ট  
আব্দুল ওয়াদুদ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউট  
ধুনট, বগুড়া।

স্বাক্ষরিত/-  
(ড. মোঃ নুরুল ইসলাম)  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৮৯.১৫-২৭৪(৭)

তারিখঃ ২৫/০৩/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, বগুড়া।

২। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।

৪। সভাপতি, আব্দুল ওয়াদুদ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউট, ধুনট, বগুড়া।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সংরক্ষণ নথি।

  
(মোঃ জহরুল ইসলাম)  
সহকারী পরিচালক(এমপিও)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা